

উড়ন্ত ট্যাক্সি চালু করবে আবুধাবি

- A Monitor Desk Report

Date: 26 October, 2023



স্মার্ট পরিবহন ব্যবস্থার পথে হাঁটছে সংযুক্ত আরব আমিরাত। এর অংশ হিসেবে ২০২৬ সাল থেকে আবুধাবিতে চালু হচ্ছে উড়ন্ত ট্যাক্সি।

এ বিষয়ে আর্চার এভিয়েশনের সঙ্গে চুক্তিবদ্ধ হয়েছে আবুধাবি ইনভেস্টমেন্ট অফিস (এডিআইও)। ট্যাক্সিগুলো প্রতি ট্রিপে চারজন যাত্রী নিয়ে রওয়ানা করবে। এজন্য প্রয়োজনে ভর্তুকির ব্যবস্থা করবে এডিআইও।

কল্পবিজ্ঞান সিনেমায় দেখা যায়, মাটি থেকে কয়েকশো ফুট উঁচুতে অবলীলায় উড়ে চলেছে অসংখ্য গাড়ি। কিন্তু সত্যিই কি এটা বাস্তবে হতে পারে? তেমন স্বপ্নই দেখছে টয়োটা, উবের, হন্ডাই, এয়ারবাস, বোয়িংয়ের মতো সংস্থাগুলি। তবে এই মুহূর্তে এই ধরনের গাড়ির পরিষেবা শুরু করতে সবচেয়ে বেশি এগিয়ে রয়েছে চিনা সংস্থা। কী এই উড়ন্ত ট্যাক্সি? আসলে এই ট্যাক্সি উড়ন্ত গাড়ি- বলা যায় বাণিজ্যিক ছোট হেলিকপ্টার। ছোট ছোট চলাচল এই ট্যাক্সিতেই সেরে ফেলে সম্ভব।

জানা যাচ্ছে, এই ধরনের গাড়ির সর্বোচ্চ গতিবেগ ১৩০ কিলোমিটার প্রতি ঘণ্টা। ভূপৃষ্ঠ থেকে ১ হাজার মিটার উচ্চতায় উড়তে পারে এই ট্যাক্সি।

তবে এই ধরনের ট্যাক্সির পরিষেবা যথেষ্ট চ্যালেঞ্জেরও। কেননা এই ধরনের গাড়ি সহজেই হ্যাকারদের কবলে পড়তে পারে। পাশাপাশি খরচও আকাশছোঁয়া। কাজেই পরিষেবা শুরু হলেও আমজনতার একেবারে নাগালের বাইরেই থাকবে উড়ন্ত ট্যাক্সি।

-B